



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

কুষ্টিয়া জিলা স্কুল, কুষ্টিয়া।



কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া।

ভর্তি বিজ্ঞপ্তি

২০২০ শিক্ষাবর্ষে কুষ্টিয়া জিলা স্কুল ও কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে
৩য় ও ৬ষ্ঠ শ্রেণীতে প্রভাতী ও দিবা শাখায় সীমিত সংখ্যক আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

অনলাইনে ফরম পূরণের সময়সীমা :

০১-১২-২০১৯ থেকে ১৪-১২-২০১৯ ইং তারিখ পর্যন্ত।

অনলাইনে আবেদন পূরণের ঠিকানা : gsa.teletalk.com.bd

ভর্তি সংক্রান্ত তথ্য পাওয়া যাবে : www.teletalk.com.bd

ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :

তারিখ ও বার	শ্রেণী	সময়	ভর্তি পরীক্ষার স্থান
২৮ ডিসেম্বর, ২০১৯ শনিবার।	৩য়	সকাল ১০.০০-১১.০০ টা	কুষ্টিয়া জিলা স্কুলে ভর্তিচ্ছুদের (ছাত্রদের) ভর্তি পরীক্ষা কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তিচ্ছুদের (ছাত্রীদের) ভর্তি পরীক্ষা কুষ্টিয়া জিলা স্কুল কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
	৬ষ্ঠ	সকাল ১০.০০-১২.০০ টা	কুষ্টিয়া জিলা স্কুলে ভর্তিচ্ছুদের (ছাত্রদের) ভর্তি পরীক্ষা কুষ্টিয়া চাঁদ সুলতানা মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তিচ্ছুদের (ছাত্রীদের) ভর্তি পরীক্ষা কুষ্টিয়া কলকাকলী মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

বিশেষ দৃষ্টব্য :

- ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে কেবলমাত্র সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে উত্তীর্ণ প্রার্থীরাই আবেদন করতে পারবে। ভর্তির ক্ষেত্রে নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাড়পত্র প্রদান করতে হবে।
- ৩য় ও ৬ষ্ঠ শ্রেণির ভর্তি পরীক্ষা বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশ ও বিধি বিধান অনুসরণ করতঃ নির্ধারিত কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।
- ভর্তির বিষয়ে যে কোন বিধি বহির্ভূত সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- কোটায় ভর্তি সংক্রান্ত :

(i) মুক্তিযোদ্ধার ক্ষেত্রে :

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষণ করতে হবে।

(ii) প্রতিবন্ধীর ক্ষেত্রে :


প্রতিবন্ধীর ধরণ উল্লেখসহ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে।

(iii) শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে :

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে (কেবল সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে) ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষণ করতে হবে।

ভর্তির সময় যেসব কাগজপত্র জমা দিতে হবে :

- প্রয়োজ্য ক্ষেত্রে আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদসহ সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর অথবা ইউ.পি চেয়ারম্যান প্রদত্ত সম্পর্ক সনদের সত্যায়িত অনুলিপি।
- প্রার্থী অন্যান্য কোটায় ভর্তির দাবিদার হলে তার দাবির প্রেক্ষিতে উপযুক্ত প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি। প্রমাণপত্র সঠিক না হলে কোটায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


(মোঃ এফতে খাইরুল ইসলাম)

সদস্য সচিব

কুষ্টিয়া জিলা স্কুল ও কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ভর্তি কমিটি-২০১৯

ও

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

কুষ্টিয়া জিলা স্কুল, কুষ্টিয়া।

ফোন : ০৭১-৬১৫০৭